

# শুক্রবার ভর্তি পরীক্ষা, ডেন্টালে প্রতি আসনে লড়ছেন ৬৮ পরীক্ষার্থী

আবুল খায়ের

প্রকাশ : ০৩ মে ২০২৩, ০৭:০১



সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজ (বিডিএস) ২০২২-২৩ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী শুক্রবার। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত রাজধানী ঢাকার পাঁচটি কেন্দ্রসহ দেশের মোট ১২টি কেন্দ্রের ১৬টি ভেন্যুতে একযোগে এ পরীক্ষা হবে। কেন্দ্রের মূলফটক সকাল ৮টা থেকে সাড়ে ৯টা পর্যন্ত খোলা থাকবে। দেশের সরকারি ডেন্টাল কলেজ ও ইউনিটের (বিডিএস) ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ৩৭ হাজার ৫২৮ জন শিক্ষার্থী আবেদন করেছেন। সরকারি ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটে মোট আসন রয়েছে ৫৪৫টি। সেই হিসাবে আবেদনের সংখ্যা অনুযায়ী এবার প্রতিটি আসনের বিপরীতে ৬৮ জন শিক্ষার্থী প্রতিযোগিতা করবেন। তবে ২৬টি বেসরকারি ডেন্টাল কলেজ ও ইউনিটে আসন রয়েছে ১ হাজার ৪০৫টি। সব মিলিয়ে মোট আসন সংখ্যা ১ হাজার ৯৫০টি।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

গত ১০ মার্চ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের মেডিক্যাল (এমবিবিএস) ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়। এমবিবিএস ভর্তি পরীক্ষার মতো ডেন্টাল ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এই পরীক্ষাকে কেন্দ্র করে কঠোর অবস্থানে রয়েছে আইনশৃঙ্খলা বাহিনী ও গোয়েন্দারা। যাতে পরীক্ষাকে কেন্দ্র করে কোনো স্বার্থান্বেষী মহল প্রশ্রয়প্রাপ্ত ফাঁসের গুজব সৃষ্টি করতে না পারে। যদি কেউ এ ধরনের গুজব রটানোর চেষ্টা করে তাহলে তার বিরুদ্ধে প্রচলিত আইনে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে আইনশৃঙ্খলা বাহিনী। দেশব্যাপী পরীক্ষা চলাকালে এবং পরীক্ষার আগে ও পরে সেই ধরনের প্রস্তুতি তাদের রয়েছে। গতকাল মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের সভাকক্ষে ডেন্টাল প্রথম বর্ষের ভর্তি সংক্রান্ত ওভার সাইট কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সভাপতি ও ডেন্টাল ভর্তি সংক্রান্ত ওভার সাইট কমিটির সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন। এতে অংশ নেন বিএমডিসির সভাপতি প্রখ্যাত গ্যাস্ট্রোএন্ট্রোলজিস্ট অধ্যাপক ডা. মাহমুদ হাসান, স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (শিক্ষা/চিকিৎসা) অধ্যাপক ডা. এ বি এম জামাল, স্বাচিপ সভাপতি অধ্যাপক ডা. জামাল উদ্দিন চৌধুরীসহ চিকিত্সকগণ এবং আইনশৃঙ্খলা বাহিনী ও বিভিন্ন গোয়েন্দা সংস্থার কর্মকর্তারা অংশ নেন। বৈঠকে অংশ নেওয়া ওভার সাইট কমিটির সদস্যরা বলেন, সকল পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষাকেন্দ্রে উপস্থিত থাকতে হবে। এছাড়া কোচিং সেন্টার বন্ধের বিষয়ে কঠোর নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে। রাজধানীসহ দেশব্যাপী কোচিং সেন্টার বন্ধে আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান অব্যাহত রয়েছে।

এবার এমবিবিএস ভর্তি পরীক্ষা চলাকালে একটি কেন্দ্রে একজন ইনভিজিলেটর গুজব সৃষ্টির চেষ্টাকালে গ্রেফতার হন। নিখুঁত প্রযুক্তি ব্যবহার করেই পরীক্ষা নেওয়া হচ্ছে। এ কারণে কেউ যদি ঠাট্টারছলে কিংবা উদ্দেশ্যপ্রণোদিতভাবে গুজব সৃষ্টির চেষ্টা করেন তাহলে

তাৎক্ষণিক ঐ ব্যক্তিকে ধরা পড়তেই হবে। ঐ চিকিৎসকের বিরুদ্ধে ক্রিমিনাল মামলা হয়েছে। তাকে চাকরিচ্যুত করা হতে পারে।

এদিকে ডেন্টাল ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে শিক্ষার্থীদের বেশ কয়েকটি নির্দেশনা দিয়েছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর। সোমবার অধিদপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক (চিকিৎসা শিক্ষা) ডা. মুজতাহিদ মুহাম্মদ হোসেনের সই করা বিজ্ঞপ্তিতে সাতটি 'গুরুত্বপূর্ণ' ও সাতটি 'সাধারণ নির্দেশনা' দেওয়া হয়। গুরুত্বপূর্ণ সাত নির্দেশনা হলো, ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রবেশপত্র, এইচএসসি বা সমমান পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও রিফিল দেখা যায়—এমন কালো কালির বলপয়েন্ট কলম নিয়ে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে সকাল সাড়ে ৯টার আগেই প্রবেশ করতে হবে। সাড়ে ৯টার পর কোনো পরীক্ষার্থীকে কেন্দ্রে ঢুকতে দেওয়া হবে না। পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, হাতঘড়ি, পকেটঘড়ি বা অন্য কোনো ধরনের ডিজিটাল ডিভাইস ও গেজেট নিয়ে প্রবেশ করা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত এবং হল পরিদর্শকের অনুমতি ব্যতীত পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে দেওয়া হবে না।

দেশের সরকারি ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটে মোট আসনের মধ্যে সাধারণ শিক্ষার্থীরা ভর্তি হতে পারবেন ৫৩০টিতে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীরা পাবেন ১০টি আসন। পার্বত্য তিন জেলার উপজাতিদের জন্য রয়েছে তিনটি এবং অন্যান্য জেলার উপজাতিদের জন্য রয়েছে দুইটি আসন। ৫৪৫টি আসনের মধ্যে ঢাকা ডেন্টাল কলেজে রয়েছে সর্বোচ্চ ১১০টি আসন।